

১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমুদ্র পরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

উঃ শিঃ মাস্টার.....
সহঃ শিঃ মাস্টার.....
সহঃ ডিঃ এম.....
অফিস ভাড়া ব্যবস্থাক
শিপিং শাখা.....
রোস্টার শাখা.....
সি ডি সি শাখা.....
পি-এ টু শিঃ মাস্টার.....

নং-শিপিং-১৫৭/নাঃ বিষয়/অংশ-৫/ ৪৬৪৩

তারিখ : ১৬/০৫/২০০৬

শিপিং মাস্টার
সরকারী শিপিং অফিস
চট্টগ্রাম।

গভঃ শিপিং অফিস
চট্টগ্রাম
ডায়েরী নং ৫২৯৬
তারিখ ২৪/৫/০৬

১৫/০৫/০৬
২৪/০৫/০৬

বিষয় : অফিসার এবং নাবিকদের অনুকূলে নতুন মেয়াদী 2nd Copy সিডিসি ইস্যুর পর পুরাতন সিডিসি ফেরৎ প্রদান প্রসংগে

সূত্রঃ সরকারী শিপিং অফিস এর পত্র নং-সিডিসি-০১(পুরাতন সিডিসি)/০৬/১৪৬০, তাং ২৩-৪-২০০৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভিসা প্রাপ্তির সুবিধার্থে নাবিকদের পুরাতন সিডিসিতে "CANCELLED WITHOUT PREJUDICE" সীল দিয়ে ফেরৎ দেয়া যেতে পারে।

(মোঃ আলমগীর খান)
উপ-পরিচালক (শিপিং)

সিডিসিতে "CANCELLED" সীল দিয়ে ফেরৎ দেয়া হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
সরকারী সমুদ্র পরিবহন অফিস,
সরকারী কার্য ভবন-১,
আগ্রাবাদ, চট্টগ্রাম।

ফোন নং-৭২৩৭৫৪, ৭১৬৪৪১
ফ্যাক্স নং- ৮৮০-৩১-৭১০৯৮৪

নং- সিডিসি-০১(পুরাতন সিডিসি)/০৬/ ১৪৫০

তারিখঃ- ২৬.৪.০৬

বরাবর,

মহা-পরিচালক,
সমুদ্র পরিবহণ অধিদপ্তর,
১৪১-১৪৩, মতিঝিল বা/এ,
ঢাকা।

বিষয়ঃ- অফিসার এবং নাবিকদের অনুকূলে নতুন মেয়াদী ২ND COPY সিডিসি ইস্যুর পর পুরাতন সিডিসি ফেরৎ প্রদান প্রসংগে।

মহোদয়,

যথাযথ সমান সহকারে উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অফিসার এবং নাবিকদের নতুন মুদ্রিত মেয়াদী সিডিসি ইস্যুর সময় সংশ্লিষ্ট অফিসার এবং নাবিকদের পুরাতন সিডিসির সম্পূর্ণ পাতা শেষ হয়ে গেলে সকল সফর বিবরণীর একটি সার-সংক্ষেপ (Summary) সিডিসির নির্দিষ্ট পাতায় লিপিবদ্ধ করে এবং শেষ চারটি সফর বিবরণী তৌজিভুক্ত করে CONTINUATION সিডিসি ইস্যু পূর্বক পুরাতন সিডিসির সকল পাতায় "CANCELLED" সীল দিয়ে নতুন সিডিসির সাথে পুরাতন সিডিসি ফেরৎ প্রদান করা হয়, কিন্তু পুরাতন সিডিসির যথেষ্ট পাতা অব্যবহৃত থাকলে পুরাতন সিডিসির অবিকল সকল তথ্য লিখে ২ND COPY মেয়াদী সিডিসি ইস্যু পূর্বক পুরাতন সিডিসি অত্র অফিসে জমা রাখা হয়। ইদানিং লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন বিদেশী দুতাবাস সমূহে অফিসার এবং নাবিকদের ভিসা ইস্যুর সময় সংশ্লিষ্ট অফিসার এবং নাবিকদের ২ND COPY সিডিসির সাথে পুরাতন সিডিসিও চাওয়া হয়। উক্ত ভিসা প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট অফিসার এবং নাবিকগণ অত্র অফিসে এসে তাদের পুরাতন সিডিসি চেয়ে আবেদন করেন। অফিসার এবং নাবিকদের ভিসা প্রাপ্তির জন্য, তাদের কাছ থেকে ভিসা প্রাপ্তির পর পুরাতন সিডিসি অত্র অফিসে জমা করবেন মর্মে অঙ্গীকারনামা গ্রহণ করে পুরাতন সিডিসি সাময়িক ফেরত দেওয়া হয়। পুরাতন সিডিসি অত্র অফিসে জমা রাখার কারণে ভিসা প্রাপ্তিতে সমস্যা হবে বিধায় অনেক অফিসার এবং নাবিকগণ নতুন মেয়াদী সিডিসি ইস্যু করতে আগ্রহী হন না।

এমতাবস্থায়, নাবিকদের চাকুরীর স্বার্থে এবং পুরাতন সিডিসিতে জাহাজের নেট টন, গ্রস টন, ইঞ্জিন বি.এইচ.পি. ইত্যাদিসহ মূল সীল থাকায় ভিসা প্রাপ্তি সহজী করণের লক্ষ্যে তাদের নতুন মেয়াদী ২ND COPY সিডিসির সাথে পুরাতন সিডিসিতে "CANCELLED" সীল দিয়ে ফেরৎ প্রদানের বিষয়টি বিবেচনা পূর্বক অনুমতি প্রদানের জন্য প্রেরণ করা হল।

সং-প্রতি - নাবিকদের অফিসে পাঠানো
ইউপি ফাইলসহ।

প্রেরণ করা হইল।

২৬/৪/০৬

আপনার একান্ত অনুগত

(শেখ আলী আদ্বিয়া)

শিপিং মাস্টার, চট্টগ্রাম।

২৬/৪/০৬